# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

www.chuadangapourashava.org
chuadangapourasava@lgd.gov.bd

## টিএলসিসির (ত্রৈমাসিক) ১২তম সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব জাহাঙ্গীর আলম মালিক
মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
তারিখঃ ২৮-১২ট-২০২৩ইং
স্থানঃ পৌরসভা কক্ষ

আলোচ্যসূচীঃ-ঃ টিএলসিসির উদ্দেশ্য ও কার্য-বিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয় বস্তুর উপর আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১ বিগত ইং ২৭-০৯-২০২৩ তারিখে অনুষ্ঠিত TLCC সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতেই সভার সভাপতির অনুমতিক্রমে জনাব এস এম রেজাউল করিম, পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।<br><br>সভায় সম্মানিত সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য আপনারা আমাদেরকে সহযোগিতা করেছেন তার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। তিনি উন্নয়নে পৌরবাসীর সার্বিক সহায়তা কামনা করেন। তিনি করোনা ভাইরাস থেকে রক্ষা কল্পে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন।<br><br>অতপর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা বিগত ইং ২২-০৬-২০২৩ অনুষ্ঠিত ১১তম সভার কার্যবিবরণী পাঠ করেন। এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কার্যবিবরণী নিয়ে পর্যালোচন করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সম্মানিত সভাপতি মহোদয় সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে পৌরসভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।<br><br>খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>গ) ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত TLCC-র সভা করার সিদ্ধান্ত গৃহিত হল।<br><br>ঘ) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং যথাসময়ে PMO তে প্রেরন করা হবে।<br><br>ঙ) পর পর তিনটি সভায় উপস্থিত না থাকলে সদস্য পদ বাতিল করা হবে।<br><br>চ) সিদ্ধান্ত সমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | মেয়র/পৌর পরিষদ/ সদস্য সচিব | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-২ TLCC গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ধারা) | আলোচনায় অংশ নিয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, পৌরসভার আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী গত সভার সিদ্ধান্ত অনুযায়ী TLCC কমিটি পূণ:গঠন হয়। তিনি আরো বলেন কোন সদস্য যদি পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন তাহলে তার সদস্য পদ বাতিল হয়ে যাবে। ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠিত হবে এবং সভার ০৭ (সাত) দিন পূর্বে নোটিশ জারী করা হবে। | ক. যথা নিয়মে TLCC গঠন করায় অত্র সভা মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. নিয়মি সভা করার জন্য সুপারিশ করা হল।<br>গ. সভায় সকল সদস্যগণের উপস্থিতি | মেয়র/পৌর পরিষদ/ সদস্য সচিব | ৩ মাস |
| বিষয়:-৩ WC গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১৪ ধারা) | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার ওয়ার্ড (WC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (WC) কমিটির সদস্য সচিব ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, WC কমিটির সভা সমূহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC-সভায় উপস্থাপন করা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে TLCC-সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক. যথা নিয়মে WC কমিটি গঠন করায় অত্র সভা মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. ত্রৈমাসিক ভিত্তিতে WC-র সভা সম্পন্ন করা এবং সভায় কার্যবিবরণী প্রস্তুত করে PMO- তে প্রেরণ করা । | মেয়র/সভাপতি, WC কমিটি/সদস্য সচিব | ৩ মাস |
| বিষয়:-৪ নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৩ ধারা) | নাগরিক সনদ(CC) বা সিটিজেন চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন নিয়ে আলোচনা কালে TLCC সদস্য সচিব ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, নতুনভাবে নাগরিক সনদ প্রণয়ন করা হয়েছে যা অনুমোদন ও বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া নতুন করে আরো ০৪ টি স্থানে নাগরিক সনদ(CC) স্থাপন করা দরকার। মেয়র মহোদয় জানান যে, স্থান নির্ধারন করে আরো ৪টি নতুন ভাবে নাগরিক সনদ স্থাপন করা হবে। নতুন করে ১টি নাগরিক সনদ(CC) স্থাপন করায় অত্র সভা পৌরকর্তৃপক্ষে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন করায় মেয়র মহোদয়কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>খ. আরো ৩ টি স্থানে নতুনভাবে নাগরিক সনদ(CC) স্থাপন করার সুপারিশ কার হল। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা | প্রতি বছর |
| বিষয়:-৫ তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (IGRC) গঠন ও কার্যকর রাখা বিষয়ে আলোচনা। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে কমিটির আহবায়ক জনাব সুলতানা আঞ্জু (রত্না) বলেন যে, পৌরসভার প্রবেশ দ্বারে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এবং কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিষ্টারে সংরক্ষণ করা হয় এবং অভিযোগ সমুহের বিবরণ TLCC ও পৌর পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। তিনি বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে মোট ৪৫টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে পুরুষ অভিযোগ ৩৫টি এবং মহিলা অভিযোগ ১০টি। ২য় কোয়ার্টারে মোট ৪৬টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে পুরুষ অভিযোগ ৩৬টি এবং মহিলা অভিযোগ ১০টি। নিষ্পত্তির হার ১০০%।<br>তিনি অত্র সভাকে জানান ২০২৩-২০২৪ অর্থ বছরে সর্বমোট ০০টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে পুরুষ অভিযোগ ০০টি এবং মহিলা অভিযোগ ০০টি। অভিযোগ গুলো IGRC কমিটি বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে ০০টি অভিযোগই নিষ্পত্তি করেন। নিষ্পত্তির হার ১০০%। | ক. সকল অভিযোগ যথা সময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং এ ধারা অব্যাহত রাখা।<br>খ. IGRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহন করা এবং এ ধারা অব্যাহত রাখা।<br>গ . ত্রৈমাসিক ভিত্তিতে IGRC -র সভা সম্পন্ন করা এবং সভায় কার্য বিবরণী প্রস্তুত করে PMO- তে প্রেরণ করা । | সভাপতি/সদস্য সচিব IGRC কমিটি | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৬ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন। | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে,০৫(পাঁচ) বছরের জন্য পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে এবং এরই ধারা বাহিকতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। আলোচনায় অংশ নিয়ে সদস্য জনাব মো মাফিজুর রহমান মাফি বলেন- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP)-র সংশোধিত যে খসড়া প্রস্তুত করা হচ্ছে আমরা তাকে সাধুবাদ জানাচ্ছি। অত:পর সভা পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন হাতে নেওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। | ক.পৌরসভার জন্য ০৫(পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন সংশোধন কাজ সমাপ্ত হয়েছে এবং TLCC-র সভায় সুপারিশ গ্রহনের পর পৌর পরিষদে অনুমোদিত হয়েছে।<br><br>খ. পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুযায়ী পৌরসভার উন্নয়ন কর্মকান্ড অব্যাহত রাখা। | মেয়র/পৌর পরিষদ/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৭ মাস্টার প্ল্যান প্রণয়ন ও মাস্টার প্ল্যান অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করা। | পৌরসভার মাস্টার প্ল্যান বিষয়ে আলোচনাকালে অত্র পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান বলেন যে, পৌরসভার মাস্টার প্ল্যান প্রণয়ন করা হয়েছে।<br><br>আলোচনাকালে তিনি আরো জানান যে, পৌরসভা উন্নয়ন পরিকল্পনায় মাস্টার প্ল্যান কার্যকর হলে পৌরসভার সৌন্দর্য বৃদ্ধি পাবে। পৌরসভায় মাস্টার প্ল্যান প্রণয়ন হওয়ায় সকল সদস্যগণ পৌরসভাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. পৌরসভার সকল উন্নয়ন মাস্টার প্ল্যান অনুযায়ী করার সুপারিশ করা হল।<br>খ. প্রতি TLCC-র সভায় কার্যক্রম সম্পর্কে অবহিত করুন । | মেয়র/পৌর পরিষদ/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৮ পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন। | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে,উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি সকল উন্নয়ন কাজ তদারকি করেন। নির্বাহী প্রকৌশলী জানান কিছু কাজ প্রায় সমাপ্তি হয়েছে কিছু কাজ চলমান আছে এবং কাজের মান সন্তোষ জনক। তিনি আরো জানান যে, পৌরসভা ইতোমধ্যে সরকারী উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক কাজ সমাপ্ত করছেন এবং চলমান UGIIP-III প্রকল্পের আওতায় পানি সরবরাহ প্রকল্পে ১০ কোটি টাকার কাজ সমাপ্ত হয়েছে।<br><br>আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব মো ঃ ফজলুল হক মালিক, জনাব মো ঃ সুজা উদ্দিন ও জনাব সিরাজুল ইসলাম, জনাব সালাউদ্দিন মোঃ মুর্তজা বলেন যে, আমাদের টেকসই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ রাস্তা সমূহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। উল্লেখিত উন্নয়ন কাজ যথাযথভাবে সম্পন্ন হওয়ায় অত্র সভা পৌরকর্তৃপকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. IUGIIP প্রকল্পের কাজ যথা সময়ে সম্পন্ন করার সুপারিশ করা হয়।<br><br>খ. উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিকে আরো দায়িত্বশীল হওয়ার সুপারিশ করা হয়।<br><br>গ. ক্ষতিগ্রস্থ রাস্তা/ড্রেন সমুহ মেরামত করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়।<br><br>ঘ. পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর মার্কেট নির্মাণের সুপারিশ করা হয়।<br><br>ঘ. IUGIIP প্রকল্পের আওতায় পানি সরবরাহ প্রকল্পেটি দূত চালু করার সুপারিশ করা হয়।<br>ঙ. IUGIIP প্রকল্পের আওতায় নির্মীত বর্জ্য শোধনাগারটি পরিপূর্ণ চালু রাখার সুপারিশ করা হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশলী/উন্নয়ন বাস্তবায়ন কমিটি | ৬ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৯ স্থায়ী (STC) কমিটি গঠন (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৫ধারা) | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী অত্র পৌরসভার ওয়ার্ড (STC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (STC) কমিটির সদস্য সচিবগণ জানান যে, STC কমিটির সভা সমূহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC ও পরিষদের মাসিক-সভায় উপস্থাপন করা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>এছাড়া যথা নিয়মে STC কমিটি গঠন করায় অত্র সভা মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. ত্রৈমাসিক ভিত্তিতে STC-এর সভা সম্পন্ন করা এবং সভায় কার্য বিবরণী প্রস্তুত করে PMO- তে প্রেরণ করা। | মেয়র/সভাপতি, STC কমিটি/সদস্য সচিব | ৩ মাস |
| বিষয়:-১০ দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের (PRAP) জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন কমিটির অগ্রগতি বিষয়ে আলোচনা। | আলোচনার শুরুতেই দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কেএম আব্দুস সবুর খান বলেন যে, PRAP বাস্তবায়নে মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪৭,০০,০০০/-টাকার বাজেট বরাদ্দ রাখা হয়। দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, সাবলম্বী করণ, অসহায় ও দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য বিতার, অনুদান, ঔষুধ ক্রয়, বস্ত্র বিতারন বাবদ ১ম কোয়ার্টারে বরাদ্দকৃত ৯,২৫,০০০/-টাকা হতে ব্যয় ৫,১৭,৭৮৬/-টাকা। ২য় কোয়ার্টারে বরাদ্দকৃত ১৪,০০,০০০/-টাকা হতে ব্যয় ১২,৯৭,৬৮৬/-টাকা।<br><br>**ব্যয়ের বিবরন নিম্নরুপঃ-**<br>১. স্বাস্থ্য সেবা ও ঔষধ বিতারন বাবদ ৪৮,২২০/- টাকা<br>২. স্যানিটেশন কার্যক্রম (রিং-স্লাব) বাবদ ব্যয় ০০/- টাকা<br>৩. বিশুদ্ধ পানি (নলকূপ) সরবরাহ বাবদ ব্যয় ৮৪,০১৩/- টাকা<br>৪. ঢেউটিন বিতারন বাবদ ৪,৮২০/- টাকা<br>৫. ফুটপাত নির্মাণ বাবদ ব্যয় ২৮,৫০০/- টাকা<br>৬. ড্রেন নির্মাণ বাবদ ব্যয় ০০/- টাকা<br>৭. হত দরিদ্র নারী/পুরুষের মাঝে বস্ত্র বিতারন বাবদ ব্যয় ৬,৫২,৫০০/- টাকা<br>৮. দুস্থ ও গরীব ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ বিতারণ ০০/-টাকা<br>৯. প্রশিক্ষণ ব্যয় ০০/- টাকা<br>১০. সচেতনতা মূলক উঠান বৈঠক ০০/- টাকা<br>১১. দরিদ্র এলাকায় বর্জ্য অপসারণ বাবদ ব্যয় ১,৪৬,৫০০/-<br>১২. আর্থিক সাহায্য বাবদ ১,৮২,০০০/- টাকা<br>১৩. ভ্যান গাড়ী প্রদান ০০/-<br>১৪. দরিদ্রদের মাঝে চাউল/ডাল বিতারন বাবদ ব্যয় ৩৮,৭৬০/- টাকা<br>১৫. স্বাবলম্বি করার জন্য অনুদান ১,১৭,১৯৩/- টাকা | ক.২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।<br>খ. স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন।<br>গ. বস্ত্র বিতারন করা।<br>ঘ. ঔষুধ প্রদান ও আর্থিক অনুদান<br>ঙ.হত দারিদ্র মানুষদের মাঝে চাউল বিতরণ।<br>চ.দরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ।<br>ছ.পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ।<br>জ.আত্মনির্ভশীল প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>ঝ. দরিদ্র শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করা<br>ঞ. ফুটপাত নির্মাণ।<br>ট. সচেতনমূলক উঠান বৈঠক। | মেয়র/সভাপতি/সদস্য সচিব PRAP | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১১ জেন্ডার (GAP) কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির অগ্রগতি বিষয়ে আলোচনা। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির জনাব সুলতানা আঞ্জু রত্না সভাকে জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে জেন্ডার এ্যাকশান প্ল্যান (GAP) বাস্তবায়নের জন্য ২০,০০০০০/- টাকার বাজেট বরাদ্দ করা হয়েছে। তার মধ্যে ১ম কোয়ার্টারে ব্যয় ১৭৭৬৭৭ /- টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ৪,৪৫,৬৯০/- টাকা।<br>**ব্যয়ের বিবরণী নিম্নরুপঃ-**<br>১. নারীদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণ বাবদ ব্যয় ০০/- টাকা<br>২. দরিদ্র নারীদের মাঝে বস্ত্র বিতারণ বাবদ ব্যয় ০০/-<br>৩. দরিদ্র নারীদের আর্থিক সাহায্য প্রদান ০০/-<br>৪. অসহায় দরিদ্রদের মাঝে চাউল বিতারন ০০/-<br>৫. স্থায়ী কমিটির মাসিক সভা বাবদ ব্যয় ০০/-<br>৬. দরিদ্র নারীদের মাঝে অনুদান বাবদ ব্যয় ০০/-<br>৭. কোভিট-১৯ প্রতিরোধ সংক্রান্ত ব্যয় ০০/- | ক. নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরণ করা ও যথাসময়ে PMO অফিসে প্রেরণ করা।<br>খ. ২০৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।<br>গ. হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>গ. আর্থিক অনুদান দেওয়া।<br>ঙ.পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা।<br>চ.হত-দরিদ্র পরিবারের স্কুল গামী ছেলে-মেয়েদের জন্য শিক্ষা উপকরন ক্রয় করে বিতরন করা। | সভাপতি/সদস্য-সচিব GAP | ৩ মাস |
| বিষয়:-১২ বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন বিষয়ে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি-উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সচিব ও সমাজ উন্নয় কর্মকর্তা জনাব কেএম আব্দুস সবুর খান আলোচনায় অংশ নিয়ে জানান যে, কমিটিতে কমপক্ষে ৭৫% নারী সদস্য অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রতিটা বস্তিতে নিয়মিত সভা চলমান রাখতে হবে। চুয়াডাঙ্গা পৌর এলাকায় মোট বস্তির সংখ্যা ২৭টি। ৬টি বস্তির অবকাঠামোর উন্নয়ন কাজ UGIIP-III প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে। বাকি ২১টি বস্তির অগ্রাধিকার তালিকা প্রস্তত করা হয়েছে। প্রস্ততকৃত অগ্রাধিকার তালিকা প্রকল্প কর্তৃক বস্তির অনুমোদন পেলে সে সকল বস্তিতে প্রকল্পের নির্দেশনা অনুযায়ী SIC কমিটি গঠন করা হয়েছে। | ক. প্রকল্পের নির্দেশনা মোতাবেক কার্য সম্পাদন করা।<br>খ. বস্তির উন্নয়ন কাজ শুরুর পূর্বে TLCC সদস্যদের অবহিত করা।<br>গ. SIC কমিটির সদস্যদের সাথে নিয়মিত মাসিক সভা করা।<br>ঘ. অগ্রাধিকার অনুযায়ী বস্তি নির্বাচন করা। | সভাপতি সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৩ হোল্ডিং ট্যাক্স-এর মাধ্যমে রাজস্ব আহরণ। | আলোচনার শুরুতে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম জানান যে, বর্তমানে পৌরসভা মোট হোল্ডিং সংখ্যা ১৮,৪৭১টি। তার মধ্যে সরকারী হোল্ডিং সংখ্যা ১৭১টি এবং বেসরকারী হোল্ডিং সংখ্যা ১৮,৩০০টি। ২০২৩-২০২৪ অর্থ বছরের পৌর করের মোট দাবী (বকেয়াসহ) =৫,৭২,৯৭,৩৯৯/-টাকা। ১ম কোয়ার্টারে আদায় ১,৯৫,২১,০০০/-টাকা। ২য় কোয়ার্টারে আদায় ২,৯৫,২১,০২৪/-টাকা। ৩য় কোয়ার্টারে আদায় ০০/-টাকা এবং ৪র্থ কোয়ার্টারে আদায় ০০/-টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরের পৌর করের মোট আদায় (বকেয়াসহ) ০০/-টাকা। আদায়ের হার ৫১.৫২%।<br><br>অন্তর্বতী কর নির্ধারন বিষয়ে পৌরসভার কর নির্ধারক জনাব জাহাঙ্গীর আলম বলেন যে, । ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে নির্মিত হোল্ডিং সংখ্যা ৭৭টি, ধার্য্যকৃত পৌরকর ২,৭৯,৭৪০/- টাকা। ২য় কোয়ার্টারে ৭১টি, ধার্য্যকৃত পৌরকর ৩,৯৭,০৪০/- টাকা। ৩য় কোয়ার্টারে ০০টি, ধার্য্যকৃত পৌরকর ০০/- টাকা এবং ৪র্থ কোয়ার্টারে ০০টি, ধার্য্যকৃত পৌরকর ০০/- টাকা।<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরে সম্প্রসারিত ভবনের সংখ্যা ১ম কোয়ার্টারে ৮৪টি, ধার্য্যকৃত পৌরকর ৪,৬৫,৭৬৫/- টাকা। ২য় কোয়ার্টারে ৪৯টি, ধার্য্যকৃত পৌরকর ২,৯,৪৯০/- টাকা। ৩য় কোয়ার্টারে ০০টি, ধার্য্যকৃত পৌরকর ০০/- টাকা। ৪র্থ কোয়ার্টারে ০০টি,ধার্য্যকৃত পৌরকর ০০/- টাকা।<br><br>সভার সভাপতি জনাব জাহাঙ্গীর আলম মালিক, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে, আপনাদের সহযোগিতায় ২০২২-২০২৩ অর্থ বছরে পৌর কর আদায়ের হার সন্তোষজনক হয়েছে এবং আগামী অর্থ বছরেরও আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | ক.সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগিতায় সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন করা।<br><br>খ.কর খেলাপিদের নোটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়।<br><br>গ. উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা।<br><br>ঘ.অন্তর্বতী কালীন পৌর কর নির্ধারনে গতিশীল করার লক্ষ্যে শক্তিশালী একটি টীম গঠম করে নিয়মিত কার্যক্রম অব্যহত রাখতে হবে।<br><br>ঙ. প্রয়োজনীয় সংখ্যক স্টাফ নিয়োগের ব্যবস্থা করতে হবে। | মেয়র/পৌর পরিষদ/পৌর নির্বাহী কর্মকর্তা/কর শাখা /WC কমিটি/ TLCC -র সদস্যবৃন্দ | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৪ পরোক্ষা কর এবং ফি-এর মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত)। | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, পৌরসভার নন-ট্যাক্স খাতে ২০২৩-২০২৪ অর্থ বছরের মোট দাবী ৬,২৪,৪০,৮২৪/-টাকা। ১ম কোয়ার্টারে আদায় ১,৪৯,৭৭,৫২৪/-টাকা। ২য় কোয়ার্টারে আদায় ২৫০৯৫১৩৩/-টাকা।<br><br>***দোকান ভাড়া:-** অত্র পৌরসভার বাজার পরিদর্শক (ভারঃ) জনাব মোয়াজ্জেম হোসেন বলেন যে, পৌর মার্কেটের দোকান সংখ্যা ৯০টি। ২০২৩-২০২৪ অর্থ বছরে বকেয়া দাবীর পরিমাণ ৩৭,৪৫৫/-টাকা এবং হাল দাবীর পরিমাণ ৫,৮৯,৮০০/-টাকা। বকেয়াসহ মোট দাবীর পরিমাণ ৬,২৭,২৫৫/-টাকা। ১ম কোয়ার্টারে আদায়ের পরিমাণ ১,৪৮,৭৪০/-টাকা, ২য় কোয়ার্টারে আদায়ের পরিমাণ ৯,৭৭০/- টাকা, ৩য় কোয়ার্টারে আদায়ের পরিমাণ ০০/- টাকা এবং ৪র্থ কোয়ার্টারে আদায়ের পরিমাণ ০০/- টাকা। ১ম, ২য় কোয়ার্টারে মোট আদায়ের পরিমাণ ২,৪২,৫১০/- টাকা। আদায়ের হার ০০%।<br><br>***হাট-বাজার ইজারা বাবদঃ-** ২০২৩-২০২৪ অর্থ বছরে (১৪৩০ বঙ্গাব্দ) মোট দাবী ৩০,৮৪,৬৮৭/- টাকা এবং বকেয়া দাবী (১৪২৯বঙ্গাব্দ) ৯,২৮,৪০৩/- টাকা। সর্বমোট দাবী (বকেয়াসহ) ৪০,১৩,০৯০/- টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে আদায় ২৪,৫২,৯৫৭/- টাকা, ২য় কোয়ার্টারে আদায় ৩,৪৩,৬১৮/- টাকা। ১ম ও ২য় কোয়ার্টারে মোট আদায় ২৭,৯৬,৫৭৫/- টাকা। আদায়ের হার ৬৯.৬৯%<br><br>***ট্রেড লাইসেন্স:-** ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ১৪০৩টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ৪৩,৮৫,৯৩৪/- টাকা আদায় করা হয়েছে। ২য় কোয়ার্টারে ৩৮৪টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ১৩,৫৬,৭৪৭/-টাকা আদায় করা হয়েছে। ৩য় কোয়ার্টারে ০০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ০০/- টাকা আদায় করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারে ০০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ০০/- টাকা আদায় করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে মোট আদায়ের পরিমাণ ০০/- টাকা। আদায়ের হার ০০%।<br><br>***অটো-রিক্সা বাবদ** ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ১০৩টি লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ১,৪৯,৩৫০/- টাকা আদায় করা হয়েছে। ২য় কোয়ার্টারে ৪৫০টি লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে ৬,৫২,৫০০/- টাকা আদায় করা হয়েছে। | ক. নন-ট্যাক্স খাতে রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌরপরিষদকে অনুরোধ করা হয়।<br>খ. পৌর সভার নিজস্ব দোকান সমূহের চুক্তিপত্র নবায়নের জন্য পত্র প্রেরন।<br>গ. ২০২৩-২০২৪ অর্থ বছর হতে ভাড়া বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হল ।<br><br>ঘ. পৌর স্বার্থে হাট-ইজারার বকেয়া অর্থ আদায় করার জন্য মেয়র মহোদয়কে সর্বম্মতিক্রমে সুপারিশ করা হয়।<br><br>ঙ. ট্রেড লাইসেন্স আয় বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হয়।<br><br>গ. চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে হতে পৌর এলাকায় ইবিাইক চলাচলের অনুমতি পত্র এবং অটো রিক্সা-ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়।<br><br>ঘ. তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রনের জন্য বিক্রয়কারীগনের তালিকা তৈরী করে তাদেরকে লাইসেন্সের আওতায় আনার সুপারিশ করা হয়। | মেয়র/পৌর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৫ কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটরের মাধ্যমে বিল বিতারণ। | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর আদায়কারী জনাব সাখায়াত হোসেন সভাকে জানান যে, জুলাই-সেপ্টেম্বর/২০২৩ কোয়ার্টারে ৮৪৫৮ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। এর মধ্যে ৯৮৬ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছেন। ১ম কোয়ার্টারে পৌরকর আদায়ের পরিমান ১,৫৫,৩৪,৩৪০/-টাকা। ২য় কোয়ার্টারে পৌরকর আদায়ের পরিমান ০০/-টাকা।<br><br>তিনি আরো জানান পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। । মেয়র মহোদয় সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ক. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>গ. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা/কর আদায়কারী | ৩ মাস |
| বিষয়:-১৬ পানির শুল্ক নির্ধারন ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা। | পানির বিল নির্ধারণ ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী (পানি) জনাব এএইচএম সাহীদুর রশীদ সভাকে জানান যে, ইং ২০২৩-২০২৪ অর্থ বছরের পানি করের চলতি ও বকেয়াসহ মোট দাবীর পরিমান ৭,৬৭,০৭,৭৩৭/-টাকা। ১ম কোয়ার্টারে আদায়ের পরিমান ৬৮,৭৮,২২৭/- টাকা, ২য় কোয়ার্টরে আদায়ের পরিমান ০০/- টাকা।<br><br>তিনি আরো বলেন যে, বকেয়া কর আদায়ে টীম গঠন করা হয়েছে এবং সেই সাথে সংযোগ বিচ্ছিন্ন অব্যাহত আছে। | ক.বকেয়া পানির বিল গ্রাহকদের বিরুদ্ধে লাইন কর্তন এবং বকেয়া বিল আদায়ে টিম গঠন করে অভিযান অব্যহত রাখা।<br>খ.যথা সময়ে পানির বিল পরিশোধ করার জন্য তাগিত পত্র প্রদান অব্যাহত রাখা।<br>গ.ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু রাখা।<br>ঘ.মিটার ব্যবস্থা সচল রাখা ও পানির অপচয় রোধ করা। | মেয়র/নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী(পানি) | ৩ মাস |
| বিষয়:-১৭ অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন বিষয়ে আলোচনা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | গত ২৫-০৯-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভায় সম্মানিত সভাপতি মহোদয় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে বাজেট প্রণয়নের কাজ সম্পূর্ণ হয়েছে।<br><br>আলোচনায় অংশ নিয়ে অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ পৌরকর বৃদ্ধি না করে বাজেট প্রণয়ন করায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জনান। | ক. বাজেট পরিকল্পনা অনুযায়ী সকল আয় ও ব্যয় যথাযথভাবে অনুসরন করা।<br>খ. প্রয়োজন অনুসারে জনবল নিয়োগ করা।<br>গ. অপ্রয়োজনীয় ব্যয রোধ করা। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | প্রতি বছর |
| বিষয়:-১৮ অডিট এ্যান্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভা গত ইং ২৯-০৯-২০২৩ তারিখে ৩নং ওয়ার্ড কাউন্সিলর ও সভাপতি অডিট এ্যান্ড একাউন্টস স্থায়ী কমিটির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জুলাই-সেপ্টেম্বর/২০২৩ ১ম কোয়ার্টারের আভ্যন্তরীন নিরীক্ষা কমিটি কর্তৃক নিরীক্ষা করা হয়। আভ্যন্তরীন নিরীক্ষায় আপত্তিসমূহ প্রস্তুত করে নিস্পত্তি করার জন্য মেয়র চুয়াডাঙ্গা পৌরসভার নিকট উপস্থাপনের জন্য সুপারিশ গৃহীত হয়। | ক. পরবর্তী সভা যথাসময়ে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. আর্থিক বিবরণী প্রস্তুত করা।<br>গ. প্রতিবেদন যথা সময়ে PMO তে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৯ কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন ও কম্পিউটারে হিসাব প্রতিবেদন তৈরী করুন। | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাব রক্ষন কর্মকর্তা জানান যে, প্রতি মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়। Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয় এবং ইং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হয়। সভায় হিসাব শাখার কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। | ক.প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করা।<br><br>খ. প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে PMO তে প্রেরণ করার বিষয়ে সিদ্দান্ত গৃহীত হয়। | মেয়র/হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক | প্রতি মাস |
| বিষয়:-২০ কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা, বিদ্যুৎ ও টেলিফোন বিল এবং ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা। | আলোচনাকালে অত্র পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব রিয়াজুল ইসলাস জানান যে, বর্তমানে পৌরসভার ডিসেম্বর/২৩ পর্যন্ত কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা পরিশোধ করা হয়েছে।<br><br>* **বিদ্যুৎ বিল:** বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে নির্বাহী প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে সড়ক বাতি বাবদ ১ম কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ ৯,১৪,৯৪৫/-টাকা, পানি সরবরাহ পাম্প পরিচালনার বিদ্যুৎ বিলের পরিমাণ ১৩,৬৯,৫৯৯/-টাকা, পৌর অফিসের বিদ্যুৎ বিলের পরিমাণ ৮১,৯৮০/-টাকা, সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে । পরিশোধের হার ১০০%।<br><br>***টেলিফোন বিল:** টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে টেলিফোন বিলের পরিমাণ ৭,৮১২/-টাকা যা পরিশোধ করা হয়েছে । পরিশোধের হার ১০০%।<br><br>***অন্যান্য ঋণ:** সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, বর্তমানে পৌরসভা কোন প্রতিষ্ঠানের নিকট হতে ঋণ গ্রহন করেন নাই। | ক. নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সুপারিশ করা হল।<br><br>খ. নিয়মিত টেলিফোন বিল পরিশোধ করার জন্য সুপারিশ করা হল ।<br><br>গ. BMDF সংস্থা থেকে ঋণের কিস্তির সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। অন্যান্য ঋণও পরিশোধ আছে।<br><br>ঘ. পৌর সভার কর্মকর্তা/কমচারীগণের বেতন-ভাতা নিয়মিত পরিশোধ করার জন্য সুপারিশ করা হল । | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ দিন |
| বিষয়ঃ-২১ স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদ অবচয় তহবিল হিসাব প্রবর্তন করাা। | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | ক. স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা /নির্বাহ প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা/ষ্টোরকীপার | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-২২ ২৫% বার্ষিক বাজেটের বিধানসহ জেন্ডার সংবেদনশীল বার্ষিক (O&M) পরিকল্পনা প্রস্তত করা।<br><br>। | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন বাজেটে ২,০১,১৪,১৯৩/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব ও উন্নয়ন বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে ১ম কোয়ার্টারে মোট ৩৩,৭৮,৫৫২/- টাকা ব্যয় করা হয়েছে, ২য় কোয়ার্টারে ২৫,৫৬,১৬৩/- টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়ের হার ০০%।<br><br>আলোচনায় অংশ নিয়ে TLCC -র সদস্য জনাব ডা ঃ মোঃ গহর আলী, জনাব মোঃ সিরাজুল ইসলাম, জনাব মোঃ বিপুল আশরাফ ও জনাব মোঃ মাফিজুর রহমান মাফি বলেন যে, উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে বাস-টার্মিনাল আধুনিকীকরণ জরুরী। এছাড়া পাকা রাস্তা নির্মাণ করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। | ক. উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে PMO অফিসে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা।<br><br>খ. ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজন মাফিক ব্যয় করার সুপারিশ করা হল।<br><br>গ. পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও নিয়মিত পরিষ্কার রাখার উপর জোর দেয়া হয়। | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়-২৩ রক্ষণাবেক্ষন (O&M) কাজ পরিচালনার জন্য মোবাইল রক্ষণাবেক্ষন টীম (MMT) গঠন ও কার্যকর রাখা। | জরুরী মোবাইল মেইনটেনেন্স (MMT) বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। জরুরী মোবাইল মেইনটেনেন্স জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫,০০০০০/- টাকা বাজেট বরাদ্দ আছে। তার মধ্যে ১ম কোয়ার্টারে ব্যয় ২০২০০/- টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ৯২,২৫০/- টাকা।<br><br>আলোচনায় অংশ নিয়ে TLCC-এর সদস্য জনাব মো ঃ ফজলুল হক মালিক, জনাব মো ঃ সুজা উদ্দিন ও জনাব সিরাজুল ইসলাম, জনাব সালাউদ্দিন মো ঃ মুর্তজা বলেন-আমাদের টেকশই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ রাস্তা সমুহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। | ক. ২০২৩-২০২৪ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হল। | মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-২৪ সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি (IIT) ব্যবহার করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৪ ধারা)। | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর. ট্রেড লাইসেন্স ও ডিজিটাল সেন্টার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadangapouroshava.org.বর্ণিত ওয়েব সাইটে পৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | ক. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখা।<br>খ. পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা । | মেয়র/ পৌর নির্বাহী কর্মকর্তা /প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | নিয়মিত |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৫ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে ১,২৭,৭৫,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। ১ম কোয়ার্টারে ব্যয় ২৭,৯৮,৩২৪/- টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ৪০,৬৪,৮৪৫/- টাকা।<br>সলিড ওয়াষ্ট ডিসপোজাল গ্রাউন্ড উন্নয়নের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং উদ্বোধনের মাধ্যমে ব্যবহার কার্যক্রম শুরু করা হয়েছে। পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, শহরকে অধিকতর পরিছন্ন রাখার জন্য বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে TLCC-র সদস্য জনাব মো ঃ সাইফুল ইসলাম বলেন যে, বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করায় মেয়র মহোদয়কে ধন্যবাদ দেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | ক. বর্জ্য অপসারণে আরো বেশী পদক্ষেপ গ্রহন করা।<br>খ. মহল্লায়-মহল্লায় বাড়ির ময়লা আবর্জনা সরানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান সরবরাহ করা ।<br>গ. ২০২৩-২০২৪ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সুপারিশ করা হল।<br>ঘ. কার্যক্রম সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভান ও জনবল নিয়োগের সিদ্ধান্ত হল। | মেয়র /নির্বাহী প্রকৌশলী/ কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |
| বিষয়-২৬ ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ক আলোচনা। | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে ৭০,১৫,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। ১ম কোয়ার্টারে ব্যয় ১১,৩৫,৮৫৬/-টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ১১,৪৫,৯৩৫/-টাকা।<br>TLCC-র অন্যতম সদস্য জনাব ফজলুল হক মালিক, জনাব মোঃ বিপুল আশরাফ ও মোছাঃ রিপা খাতুন বলেন- ড্রেনের উপর স্লাব না থাকায় ড্রেনের ভিতর মাটি, আবর্জনা ফেলা এবং প্রায়ই ছোটখাট দুর্ঘটনা ঘটছে। আবর্জনা ফেলায় ড্রেনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। পৌর নির্বাহী প্রকৌশলী বলেন যে, আপনাদের সহযোগীতায় ড্রেন পরিশ্যর ও রক্ষণাবেক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে এবং সরকারী বরাদ্দ পাওয়া গেলে ড্রেনের উপর স্লাব স্থাপনের কাজ করা হবে। | ক. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. ড্রেনের উপর স্লাব স্থাপন ২০২৩-২০২৪ অর্থ বছরে সরকারী অর্থ প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>গ. ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে শহরের মাস্টার ড্রেন গুলি দ্রুত পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হল।<br>ঘ. ২০২৩-২০২৪ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ১০০% ব্যয় করার সুপারিশ করা হল। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৭ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা গ্রহন বিষয়ে আলোচনা। | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট। তবে ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪২,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। ১ম কোয়ার্টারে ব্যয় ১৭,৪৮,৫৫৫/- টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ১৪,২৪,৯৪২/- টাকা।<br>অত:পর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্য জনাব মো ঃ সুজাউদ্দিন, মোঃ বিপুল আশরাফ ও মোছাঃ রিপা খাতুন সড়ক বাতির বর্তমান কার্যক্রম অত্যন্ত সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। তবে সদস্য জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন যে,প্রত্যেক ওয়ার্ডে কমবেশী বৈদ্যুতিক লাইটের সমস্যা রয়েছে তা দ্রুত সমাধান করা দরকার। | ক. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সড়ক বাতি পরিদর্শক | ৩ মাস |
| বিষয়-২৮ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা ও অগ্রগতি বিষয়ক আলোচনা। | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে, পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে ২,৫০,০০০/-টাকা বরাদ্দ আছে। সভাকে আরো জানানো হয় স্যানিটেশন বিষয়ক কার্যক্রমে ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ব্যয় ৮৯,৩৩৬/- টাকা, ২য় কোয়ার্টারে ব্যয় ০০/-টাকা।<br>কর্মপরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গন শোচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র সদস্য রেবেকা খাতুন, জনাব মো ঃ সুজাউদ্দিন আহম্মেদ স্যানিটেশন কার্যক্রমে আরো নজর দেয়ার পরামর্শ দেন। | ক.স্যানিটেশন কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়।<br>ঘ. স্যানিটেশন কার্যক্রম আরো ব্যাপকভাবে বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হল। | মেয়র/সেনেটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সী ইন্সপেক্টর | ৩ মাস |
| বিষয়:-২৯ সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | প্রকল্পের আওতায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি, পৌর নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ উন্নয়ন কর্মকর্তা, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, সহকারী এ্যাসেসরদেরকে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। । এছাড়াও সভাকে জানানো হয় ষ্টাফদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে ১,০০,০০০/-টাকা বাজেট ধরা আছে। | ক.নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে অনুরোধ করা হয়।<br>খ.পৌরসভার নিজস্ব অর্থ দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের অচিরেই প্রশিক্ষণের ব্যবস্থা করা। | মেয়র/ /পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-৩০ নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় DLI ভিত্তিক UGIAP কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার বিষয়ে আলোচনা। | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় UGIAP প্রণয়ন করা হয়েছে। এটি DLI ভিত্তিক UGIAP কার্যক্রম সমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়িত কাজের মানদন্ডের ভিত্তিতে পৌরসভা অর্থ বরাদ্দ পাবে। সুতরাং UGIAP কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার ব্যতিরেকে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ গ্রহন ও প্রকল্পের অর্থ প্রদান করা হবে না। | ক. UGIAP কার্যক্রম নির্ধারিত সময়ে শেষ করা।<br>খ. কাজের মানদন্ড সঠিক রাখা।<br>গ. উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে PMO অফিসে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা। | মেয়র/পৌর পরিষদ/পৌর নির্বাহী কর্মকর্তা | ৩ মাস |
| বিষয়-৩১ TLCC-এর সদস্যগণ কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয়। | TLCC সদস্য ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফরজ আলী বলেন যে, পৌর এলাকায় তামাকজাত দ্রব্য বিক্রয়ে সরকারী বিধি অনুসারে ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক করা দরকার। এ বিষয়ে অন্য সদস্যগণও সহমত পোষণ করেন। | ক. নিয়মিত ট্রেড লাইসেন্স প্রদান অব্যাহত রাখা।<br>খ. ট্রেড লাইসেন্স ফি সরকারী বিধি অনুসারে গ্রহন করা।<br>গ. তামাকজাত দ্রব্য বিক্রয়ে অন্যান্য কার্যক্রম নিয়মিত পরিচালনা করা। | মেয়র/পৌর পরিষদ/ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ৩ মাস |

মাননীয় মেয়র সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদ সহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসাসহ উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২/১/২৪

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/TLCC-৩/৪-২০১৮/২০২৪/০৬

তারিখ ঃ ০২-০১-২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-**

১। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)
এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭

২। জনাব.......................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা

৩। অফিস কপি

২/১/২৪

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা